

৫.২ হাটবাজারের চান্দিনাভিটি ব্যবহারের লাইসেন্স নবায়ন:

সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

সহকারী কমিশনার (ভূমি) বরাবরে আবেদনকারী কর্তৃক আবেদন দাখিলের পর তা নথিতে উপস্থাপন করা হয়। প্রয়োজ্য ক্ষেত্রে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/সার্ভেয়ার কর্তৃক সরজমিন তদন্তপূর্বক প্রতিবেদন গ্রহণ করা হয়। প্রতিবেদনে ভিন্নরূপ মন্তব্য না থাকলে যাচাই/পরীক্ষান্তে এবং লিজের শর্তাদি ভঙ্গ না করে থাকলে নবায়নের প্রস্তাব সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদন করা হয়। অতঃপর জেলা প্রশাসকের কার্যালয়আরমূলে লিজমানি আদায় এবং লিজ নথি সংরক্ষণ করা হয়।

সেবা প্রাপ্তি সময়: সাধারণত ২৫ দিন

প্রয়োজনীয় ফি:

১। আবেদন ফি- ২০/- টাকা; ২। প্রসেস জারি ফি-৫০/- টাকা।

প্রতি বর্গমিটার (অনুমোদনের পর লিজ মানির পরিমাণ)-

১। সিটি কর্পোরেশন ও বিভাগীয় সদরভুক্ত এলাকায়- ২০০০/- টাকা;

২। জেলা সদর এলাকায় – ৫০০/- টাকা;

৩। জেলা সদর ব্যতিত পৌর এলাকায়- ২০০/- টাকা;

৪। উপজেলা সদর এলাকায় ১০০/- টাকা; এবং

৫। অন্যান্য ৫০/- টাকা।

সেবা প্রাপ্তির স্থান: উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী:

১। উপজেলা নির্বাহী অফিসার; ২। সহকারী কমিশনার (ভূমি); ৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। আবেদনপত্র;
- ২। হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- ৩। প্রয়োজনীয় ক্ষেত্রে অনাপত্তিপত্র এর কপি;
- ৪। NID-এর কপি;
- ৫। আবেদনকারির সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি;
- ৬। আবেদনকারীর ব্যবসায়িক সনদ।
- ৭। পূর্বে লাইসেন্স ফি বাবদ প্রদানকৃত রসিদের কপি

সেবা প্রাপ্তির শর্তাবলি:

- ১। জমি হাটবাজারের পেরিফেরিভুক্ত এবং অনুমোদিত চান্দিনাভিটি হতে হবে;
- ২। পূর্বে লিজ গ্রহীতা হতে হবে;
- ৩। পূর্বের লিজ গ্রহণের চুক্তির শর্ত ভঙ্গ করা যাবেনা;
- ৪। আবেদনকারীকে প্রকৃত ব্যবসায়ী হতে হবে;
- ৫। আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে;
- ৬। একই পরিবারে একজনের বেশি আবেদন করতে পারবে না;
- ৭। একই পরিবারের অন্য কেউ এর পূর্বে চান্দিনাভিটি বন্দোবস্ত পেয়ে থাকলে আবেদন গ্রহণযোগ্য হবেনা;
- ৮। অর্ধ-শতকের বেশি জমি বন্দোবস্ত দেওয়া যাবে না

সংশ্লিষ্ট আইন ও বিধি:

১. হাটবাজারের সরকারি খাস জমি বন্দোবস্তসংক্রান্ত ১৯৯৫ সালের সার্কুলার [ভূম-৭-বিবিধ-২৪/৯৫/৪৯১ (৭৪), তারিখ: ০৭/১০/৯৫] ও তৎপরবর্তী সার্কুলার
২. ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০

সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:

জেলা প্রশাসক /অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

সেবার নাম: হাটবাজারের চান্দিনাভিটি ব্যবহারের লাইসেন্স নবায়ন

ধাপ সংখ্যা: ১০ টি
সম্পূর্ণ জনবল: ৩ জন
সময়: ২৫ কার্যদিবস

